


आकाश-प्रदीप

আকাশ-প্রদীপ



রবীন্দ্রনাথ ঠাকুর



বিশ্বভারতী-গ্রন্থালয়

২১০নং কন'ওআলিস স্ট্রীট, কলিকাতা

বিশ্বভারতী গ্রন্থন-বিভাগ
২১০নং কন'ওআলিস স্ট্রীট, কলিকাতা
প্রকাশক—শ্রীকিশোরীমোহন সঁাতরা

আকাশ-প্রদীপ

প্রথম সংস্করণ

...

বৈশাখ, ১৩৪৫

মূল্য—দেড় টাকা

শান্তিনিকেতন প্রেস হইতে
প্রভাতকুমার মুখোপাধ্যায় কর্তৃক মুদ্রিত।

উৎসর্গ

শ্রীযুক্ত স্বধীন্দ্রনাথ দত্ত

কল্যাণীয়েষু

বয়সে তোমাকে অনেক দূরে পেরিয়ে এসেছি তবু তোমাদের কালের সঙ্গে আমার যোগ লুপ্তপ্রায় হয়ে এসেছে এমনতরো অস্বীকৃতির সংশয়বাক্য তোমার কাছ থেকে শুনিনি। তাই আমার রচনা তোমাদের কালকে স্পর্শ করবে আশা করে এই বই তোমার হাতের কাছে এগিয়ে দিলুম। তুমি আধুনিক সাহিত্যের সাধনক্ষেত্র থেকে একে গ্রহণ করো।

তোমাদের

রবীন্দ্রনাথ ঠাকুর

আকাশ-প্রদীপ

গোধূলিতে নামল আঁধার,
ফুরিয়ে গেল বেলা,
ঘরের মাঝে সাক্ষ হোলো
চেনা মুখের মেলা ।
দূরে তাকায় লক্ষ্যহার।
নয়ন ছলোছলো,
এবার তবে ঘরের প্রদীপ
বাইরে নিয়ে চলো ।
মিলনরাতে সাক্ষী ছিল যারা
আজ্ঞো জ্বলে আকাশে সেই তারা ।
পাণ্ডু আঁধার বিদায় রাতের শেষে
যে তাকাত শিশির-সজল শূন্যতা উদ্দেশে
সেই তারকাই তেমনি চেয়েই আছে
অস্ত লোকের প্রাস্ত ছারের কাছে ।
অকারণে তাই এ প্রদীপ জ্বলাই আকাশ পানে—
যেখান হতে স্বপ্ন নামে প্রাণে ॥

